# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।

ফোনঃ +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্সঃ +৮৮০২ ৮৩২২৩২৮, website: www.pkb.gov.bd & email:- info@pkb.gov.bd

আদায় ও আইন ডিপার্টমেন্ট

সার্কুলার নং-১৩/২০২৫ তারিখঃ ০২.০৬.২০২৫

**বিষয়ঃ ঋণ পুনঃতফসিলিকরণ ও পুনর্গঠন সংক্রান্ত বিআরপিডি মাস্টার সার্কুলার ১৬ এর নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ৩১ মে ২০২৩ তারিখের বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০২৩-৪১২২ নং-স্মারকমূলে ২০২৪ হিসাববর্ষ হতে অত্র ব্যাংকের অভিবাসন ঋণ ও পুনর্বাসন ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ ও তদসংশ্লিষ্ট সার্কুলার/সার্কুলার লেটারসমূহ অনুসরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

২.০ অত্র ব্যাংক এর ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে বিদ্যমান সার্কুলার এর ৩.০ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা সংশোধন করার নিমিত্ত পরিচালনা পর্ষদের বিগত ২৬.০৫.২০২৫ তারিখের ১৩২তম সভায় উপস্থাপন করা হয়। এর প্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ব্যাংকের অভিবাসন ঋণ ও পুনর্বাসন ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা পরিচালনা পর্ষদ কর্তৃক সদয় অনুমোদিত হয়।

২.১ ১ম দফা, ২য় দফায় অভিবাসন ঋণ ও পুনর্বাসন ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে-

| ঋণের প্রকৃতি | ডাউনপেমেন্ট এর হার | পুনঃতফসিলিকরণের ঋণের মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|
| মেয়াদী ঋণ | ৪.৫০% | ০৬ মাস গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ৩ (তিন)বছর | ৩(তিন) মাস তথা ৯০(নব্বই) দিন পর্যন্ত সময়ে জমাকৃত একীভূত অর্থ ডাউন পেমেন্ট হিসেবে গণ্য করা যাবে। |
| চলমান ও তলবী ঋণ | ৪.০০% | ০৬ মাস গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ৩ (তিন)বছর | |

২.২ ৩য় ও ৪র্থ দফায় পুনঃতফসিলিকরণের প্রতিটি ক্ষেত্রে ডাউনপেমেন্ট বর্ণিত হারের চেয়ে আবশ্যিকভাবে যথাক্রমে ১.০০% বেশি আদায় করতে হবে।

২.৩ অন্যান্য ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রেও একই হারে ডাউনপেমেন্ট গ্রহণ প্রযোজ্য হবে।

৩.০ অনুমোদনক্রমে এ সার্কুলার জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মিজানুর রহমান)

মহাব্যবস্থাপক (প্রশাসন ও পরিচালন)

(অতিরিক্ত দায়িত্বে)

স্মারক নম্বর-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.০১৩.৩৬.২৫-৯১ তারিখঃ ০২.০৬.২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক।

২. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক।

৩. মহাব্যবস্থাপক (সকল) মহোদয়ের একান্ত সচিব (মহাব্যবস্থাপক মহোদয়ের অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক।

৪. সকল বিভাগীয় প্রধান, প্রবাসী কল্যাণ ব্যাংক।

৫. সকল অঞ্চল প্রধান, প্রবাসী কল্যাণ ব্যাংক।

৬. সকল শাখা ব্যবস্থাপক, প্রবাসী কল্যাণ ব্যাংক।

৭. আইটি বিভাগ, প্রধান কার্যালয়, প্রবাসী কল্যাণ ব্যাংক (ব্যাংকের ওয়েবসাইট-এ প্রকাশের জন্য)

৮. অফিস কপি।

02/06/25

(জামিল আব্দুল নাছের)

সহকারী মহাব্যবস্থাপক